

# ঊ উত্তরা ব্যাংক লিমিটেড

স্টেশনারি এন্ড রেকর্ডস ডিপার্টমেন্ট

প্রধান কার্যালয়

৪৭, শহীদ বীর উত্তম আশফাকুস সামাদ সড়ক

মতিঝিল বাণিজ্যিক এলাকা

ঢাকা-১০০০।

## দরপত্র বিজ্ঞপ্তি

ব্যাংকের মুদ্রণ কাজের পূর্ব অভিজ্ঞতা সম্পন্ন অফসেট ছাপাখানার মালিক/ মালিকদের নিকট থেকে ব্যাংকের খাতা-পত্র, ফর্ম এবং ভাউচার ছাপানো ও সরবরাহের জন্য সীলমোহরকৃত দরপত্র আহবান করা যাচ্ছে। দরপত্রের সিডিউল উত্তরা ব্যাংক লিমিটেড, স্টেশনারি এন্ড রেকর্ডস ডিপার্টমেন্ট (৮ম তলা), প্রধান কার্যালয়, ৪৭, শহীদ বীর উত্তম আশফাকুস সামাদ সড়ক, ঢাকা হতে ২৬ ডিসেম্বর, ২০১৭ ইং তারিখ পর্যন্ত যে কোন কর্ম দিবসে অফিস চলাকালীন সময়ে সংগ্রহ করা যাবে। দরপত্রের সিডিউল ক্রয়ের জন্য যে কোন সিডিউলড ব্যাংকের শাখা থেকে "উত্তরা ব্যাংক লিঃ, প্রধান কার্যালয়" এর অনুকূলে ক্রয়কৃত ১,০০০/- (এক হাজার) টাকার পেমেন্ট অর্ডার (অফেরৎ যোগ্য) জমা দিতে হবে।

সিডিউল সংগ্রহের সময় হালনাগাদ ট্রেড লাইসেন্স, আয়কর সনদপত্র, ভ্যাট রেজিস্ট্রেশন সার্টিফিকেট, প্রেস ডিক্লারেশন সার্টিফিকেট এবং ব্যাংকের মুদ্রণ কাজের অভিজ্ঞতার সনদপত্র এর মূল কপি প্রদর্শন করতে হবে যা প্রয়োজনীয় নিরীক্ষার পর ফেরত দেওয়া হবে। উক্ত সনদপত্র সমূহের সত্যায়িত ফটোকপি সহ দরপত্র আগামী ২৭ ডিসেম্বর, ২০১৭ ইং তারিখ বেলা ২.০০ (দুই) ঘটিকার মধ্যে অত্র অফিসের ৮ম (অষ্টম) তলায় রক্ষিত টেন্ডার বাক্সে দাখিল করতে হবে এবং ঐ দিনই বেলা ২.৩০ ঘটিকায় দরপত্র দাতা বা তাদের প্রতিনিধিদের উপস্থিতিতে (যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্র খোলা হবে। কমপক্ষে ০২ (দুই) টি অফসেট মেশিন এবং গত ০৩ (তিন) বছরে যে কোন ব্যাংকে একক কার্যাদেশে মোট ০২ (দুই) লক্ষ টাকার কাজ করার অভিজ্ঞতা নেই এমন সব ছাপাখানার দরপত্রে অংশগ্রহণ করার প্রয়োজন নেই। ব্যাংক কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকেই যে কোন অথবা সকল দরপত্র গ্রহণ বা বাতিলের অধিকার সংরক্ষণ করে।

মোঃ গোলাম মোস্তফা

মহা-ব্যবস্থাপক